গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৫৬/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ১০ ফেব্রুয়ারি ২০১৯, ২৮ মাঘ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিরোধীদল শক্তিশালী হলে গণতন্ত্রের জন্যই ভাল : সেতুমন্ত্রী
২। গণতন্ত্রের জন্যই গণমাধ্যমকে স্বচ্ছ ও নিরাপদ রাখা জরুরি : তথ্যমন্ত্রী
৩। মিয়ানমারে সেফ হ্যাভেন তৈরি করে রোহিঙ্গাদের পুনর্বাসন করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী
৪। সরকার শিশু ও নারীদের উন্নয়নে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে : পরিকল্পনামন্ত্রী
৫। ২০০ কোটি টাকার রপ্তানি আদেশ পাওয়া গেছে :
বাণিজ্যমেলার সমাপনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী
৬। পোশাক কারখানার ডিজিটাল মানচিত্রের উদ্বোধন
৭। কর্ণফুলীর উচ্ছেদ অভিযান হুমকি দিয়ে বন্ধ করা যাবে না : ভূমিমন্ত্রী
৮। পাঁচ বছরের মধ্যে পঞ্চগড় থেকে বাংলাবান্ধা হয়ে শিলিগুড়ি যাবে ট্রেন : রেলমন্ত্রী
৯। তথ্যপ্রযুক্তি শিল্প বিকাশের পরবর্তী গন্তব্য বাংলাদেশ : আইসিটি প্রতিমন্ত্রী
১০। সারাদেশে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত
১১। প্রথম দফায় ৮৭ উপজেলায় আওয়ামী লীগের প্রার্থী ঘোষণা
১২। সংরক্ষিত আসনে আরও দুইজনের মনোনয়ন
১৩। লন্ডনে শহীদ সোহরাওয়ার্দীর ছেলে রাশেদ সোহরাওয়ার্দীর ইন্তেকাল
১৪। সরস্বতী পূজা আজ

চলমান পাতা-২

**১। বিরোধীদল শক্তিশালী হলে গণতন্ত্রের জন্যই ভাল : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিরোধীদল শক্তিশালী হলে গণতন্ত্রের জন্যই ভাল। বিএনপি দুর্বল হোক, সেটা আমরা চাই না। কিন্তু তারা নিজেদের নেতিবাচক রাজনীতির জন্য দুর্বল হলে আমাদের কিছু করার নেই। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে প্রথম ধাপের উপজেলা পরিষদ নির্বাচনে দলের চেয়ারম্যান প্রার্থীদের নাম ঘোষণার আগে সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১) **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**২। গণতন্ত্রের জন্যই গণমাধ্যমকে স্বচ্ছ ও নিরাপদ রাখা জরুরি : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ গণমাধ্যমকে সমাজের দর্পণ হিসেবে অভিহিত করে বলেছেন, বানোয়াট সংবাদ পরিবেশন প্রতিহত করতে সরকার সকল গণমাধ্যমকর্মীর প্রতি উদাত্ত আহ্বান জানাচ্ছে। কারণ গণতন্ত্রের জন্যই গণমাধ্যমকে স্বচ্ছ ও নিরাপদ রাখা জরুরি। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর মৌচাকে বার্তাসংস্থা ইউএনবি কার্যালয়ে তাদের জেলা প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.২)।

**৩। মিয়ানমারে সেফ হ্যাভেন তৈরি করে রোহিঙ্গাদের পুনর্বাসন করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

মিয়ানমারের রাখাইন প্রদেশে সেফ হ্যাভেন তৈরি করে সেখানে রোহিঙ্গাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। এজন্য ভারত ও চীনসহ আসিয়ানভুক্ত দেশগুলোকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন। সম্প্রতি ভারত সফরে তিনি দেশটির পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের কাছে এ আহ্বান জানিয়েছেন বলে সাংবাদিকদের জানান। তিনি বলেন, সফরে তিস্তাচুক্তির সব অমীমাংসিত বিষয়ের গঠনমূলক আলোচনা হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী ভারত সফর শেষে গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) ঢাকায় শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের বলেন, ভারত সফরে সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়েছে, রোহিঙ্গা সংকট সমাধানে তাদের কাছে সহযোগিতা চাওয়া হয়েছে। রোহিঙ্গা ও তিস্তাসহ সব সমস্যা সমাধানে আশাব্যঞ্জক আলোচনা হয়েছে বলে তিনি জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮),**অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৪। সরকার শিশু ও নারীদের উন্নয়নে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী বলেছেন, দেশের নারী ও শিশুদের উন্নয়নে ব্যাপক পরিকল্পনা করা হয়েছে। ইতোমধ্যে আওয়ামী লীগ সরকার নারী ও শিশুদের ব্যাপকভাবে সুযোগ-সুবিধা দিয়ে আসছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে শিশুদের জন্য নতুন নতুন স্কুল-মাদ্রাসা তৈরি করেছে, সেইসঙ্গে হাওর ও গ্রামাঞ্চলের যোগাযোগব্যবস্থার ব্যাপক উন্নয়ন করেছে সরকার। এখন প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে, প্রতিটি গ্রাম এখন শহরের মতো রাতেও আলোকিত থাকে। দেশের মানুষ অন্ধকারমুক্ত হয়েছে শুধুমাত্র আওয়ামী লীগ সরকারের কারণে। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার শত্রু মর্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬৩ লক্ষ ৯২ হাজার ৩৪৮ টাকা ব্যয়ে স্থানীয় এলজিইডির বাস্তবায়নাধীন নতুনভবনের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপনশেষে বিদ্যালয় মাঠে আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.২)।

**৫। ২০০ কোটি টাকার রপ্তানি আদেশ পাওয়া গেছে :**
**বাণিজ্যমেলার সমাপনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী**

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার ২৪তম আসরে বাংলাদেশি কোম্পানিগুলো প্রায় ২০০ কোটি টাকার রপ্তানি আদেশ পেয়েছে বলে জানিয়ে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, গত বছর **১৬৫** কোটি ৯৬ লাখ টাকার রপ্তানি আদেশ পাওয়া গিয়েছিল। আর এ বছর বাংলাদেশি কোম্পানিগুলো প্রায় ২০০ কোটি টাকার রপ্তানি আদেশ পেয়েছে। সে হিসেবে এ বছর রপ্তানি আদেশ বেড়েছে ৩৫ কোটি টাকা। বাণিজ্যমন্ত্রী আরো বলেন, এ মেলায় মানুষের উপস্থিতি প্রায় অর্ধ কোটি পার হয়েছে। এবার বিক্রি ও রপ্তানি আদেশ ভালো হয়েছে। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) বাণিজ্যমেলার সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** ( শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৬। পোশাক কারখানার ডিজিটাল মানচিত্রের উদ্বোধন**

রফতানিমুখী সব তৈরিপোশাক কারখানার তথ্য এক ডিজিটাল মানচিত্রে পাওয়া যাবে। এ মানচিত্র থেকে কারখানার ধরন, উৎপাদিত পণ্য, প্রস্তুত প্রক্রিয়া, শ্রমিক, ক্রেতা, অবকাঠামো, রফতানিসহ সংশ্লিষ্ট কারখানার বিভিন্ন তথ্য মিলবে। এ জন্য ‘ম্যাপড ইন বাংলাদেশ’ নামের একটি প্রকল্প নেওয়া হয়েছে। ব্র্যাক বিশ্ববিদ্যালয় এবং সিঅ্যান্ডএ ফাউন্ডেশন যৌথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করবে। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) প্রকল্পের আওতায় ঢাকা

জেলার পোশাক কারখানার তথ্যসংবলিত ডিজিটাল ম্যাপের উদ্বোধন করা হয়েছে। রাজধানীর কারওয়ান বাজারে বিজিএমইএ কার্যালয়ের অ্যাপারেল ক্লাবে এক অনুষ্ঠানে প্রকল্পের উদ্বোধন করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.১), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**৭। কর্ণফুলীর উচ্ছেদ অভিযান হুমকি দিয়ে বন্ধ করা যাবে না : ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ বলেছেন, হুমকি দিয়ে কর্ণফুলীর তীরে চলমান অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান বন্ধ করা যাবে না। অবৈধভাবে বসবাসকারীদের উচ্ছেদ না করার হুমকি দিয়ে কেউ পার পাবে না। হুমকি দিলে চলমান উচ্ছেদের গতি দ্বিগুণ হবে। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) কর্ণফুলী নদীর মাঝিরঘাট এলাকার দু'পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৮। ৫ বছরের মধ্যে পঞ্চগড় থেকে বাংলাবান্ধা হয়ে শিলিগুড়ি যাবে ট্রেন : রেলমন্ত্রী**

রেলপথ মন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেছেন, আগামী পাঁচ বছরের মধ্যে পঞ্চগড় থেকে তেঁতুলিয়ার বাংলাবান্ধা হয়ে ভারতের শিলিগুড়ি পর্যন্ত সরাসরি রেলযোগাযোগ চালু হবে। গত ৮ ফেব্রুয়ারি শুক্রবার পঞ্চগড় এম আর সরকারি কলেজ আয়োজিত সংবর্ধনা ও দুই দিনব্যাপী পিঠা উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী বলেন, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও অপসংস্কৃতি যাতে সমাজে অনুপ্রবেশ করতে না পারে, সে মানসিকতা আমাদের গড়ে তুলতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.১)।

**৯। তথ্যপ্রযুক্তি শিল্প বিকাশের পরবর্তী গন্তব্য বাংলাদেশ : আইসিটি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, তথ্যপ্রযুক্তি শিল্প বিকাশের পরবর্তী গন্তব্য বাংলাদেশ। কারণ আমাদের আছে বিপুল তরুণ শক্তি। তাদের উদ্ভাবনী শক্তিও অনেক। আমরা মেধাভিত্তিক অর্থনীতির ওপর ভিত্তি করে ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলতে চাই। গত ৮ ফেব্রুয়ারি শুক্রবার চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের উদ্যোগে আয়োজিত ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন । সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৭)।

**১০। সারাদেশে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত**

সারাদেশে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উদ্‌যাপিত হয়েছে। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মোট ১ লাখ ২০ হাজার স্থায়ীকেন্দ্রে এবং ২০ হাজার ভ্রাম্যমাণকেন্দ্র থেকে এ ক্যাপসুল খাওয়ানো হয়। এবার ক্যাম্পেইনে ৬ থেকে ১১ মাস বয়সী প্রায় ২৫ লাখ ৪৭ হাজার শিশুকে একটি করে নীল রঙের এবং ১২-৫৯ মাস বয়সী ১ কোটি ৯৫ লাখ সাত হাজার শিশুকে একটি করে লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) ঢাকা শিশু হাসপাতালে বেলুন উড়িয়ে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২),**অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১১। প্রথম দফায় ৮৭ উপজেলায় আওয়ামী লীগের প্রার্থী ঘোষণা**

প্রথম দফায় দেশের ৮৭টি উপজেলা পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে দলীয় প্রার্থী ঘোষণা করেছে আওয়ামী লীগ। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে দলের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের মনোনীতদের তালিকা প্রকাশ করেন। উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে দলীয় মনোনয়ন দিলেও ভাইস চেয়ারম্যান পদ উন্মুক্ত থাকবে বলে জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**১২। সংরক্ষিত আসনে আরও দুই জনের মনোনয়ন**

একাদশ জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনে আরও দুই জনকে মনোনয়ন দিয়েছে আওয়ামী লীগ। এ নিয়ে আওয়ামী লীগের মনোনীত নারী এমপি প্রার্থী হলেন ৪৩ জন। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) সংরক্ষিত মহিলা আসনে আওয়ামী লীগের মনোনয়ন পাওয়া দুইজন হলেন নাদিয়া ইয়াসমিন জলি (পাবনা) ও রত্না আহমেদ (নাটোর)। গতকাল গণভবনে আওয়ামী লীগের সংসদীয় বোর্ড ও স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের যৌথসভায় তাদের মনোনয়ন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**১৩। লন্ডনে শহীদ সোহরাওয়ার্দীর ছেলে রাশেদ সোহরাওয়ার্দীর ইন্তেকাল**

গণতন্ত্রের মানসপুত্র, অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ও নিখিল পাকিস্তান আওয়ামী লীগের সভাপতি হোসেন শহীদ সোহরাওয়ার্দীর ছেলে রাশেদ সোহরাওয়ার্দী ইন্তেকাল করেছেন। গত ৭ ফেব্রুয়ারি বৃহস্পতিবার যুক্তরাজ্যের সেন্ট্রাল লন্ডনে নিজ বাসায় তিনি মারা যান। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) এক শোকবার্তায় প্রধানমন্ত্রী মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১৪। সরস্বতী পূজা আজ**

আজ (১০ ফেব্রুয়ারি রোববার) সরস্বতী পূজা। হিন্দু ধর্ম বিশ্বাসে সরস্বতী বিদ্যা, বাণী আর সুরের অধিষ্ঠাত্রী দেবী। গতকাল (৯ ফেব্রুয়ারি শনিবার) মধ্যরাতে প্রতিমা স্থাপন করে পূজার আনুষ্ঠানিকতা সূচিত হয়েছে। সরস্বতী পূজা উপলক্ষে হিন্দু সম্প্রদায় বিশেষ করে শিক্ষার্থীরা আজ বাণী অর্চনাসহ নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করেছে। সরস্বতী পূজা উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** বরিশাল অঞ্চলে প্রবহমান কালাবদর, আড়িয়াল খাঁ, নয়ভাঙ্গুলি, গজারিয়া ও কীর্তনখোলার ২৬৩ বর্গকিলোমিটার এলাকায় দেশের ইলিশ অভয়াশ্রমের কার্যক্রম শুরুর উদ্যোগকে স্বাগত জানিয়ে অভয়াশ্রমে দুই মাসের নিষেধাজ্ঞা চলাকালীন জেলেদের প্রণোদনা হিসেবে দেওয়া ত্রাণ সঠিকভাবে পৌঁছানোর সুপারিশ।

খ. **ইত্তেফাক :** বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারী ১০ হতে ১৭ বৎসর বয়সী ৩২ শতাংশ শিশু অনলাইন সহিংসতা, অনলাইনে ভয়ভীতি প্রদর্শন ও ডিজিটাল উৎপীড়নের শিকার ইউনিসেফের এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশুদের সুরক্ষায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তৎপর হওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** রাজধানীর সড়কে চালকদের অকারণে গাড়ি এবং মোটরসাইকেলের তীব্র হর্ণ বাজানোর ফলে মারাত্মকভাবে বাড়ছে শব্দদূষণ উল্লেখ করে ঢাকা নগরীর শব্দ নির্ধারিত মাত্রায় রাখার সব ধরনের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** রান্নাঘরে এখন বিকল্প জ্বালানি হিসেবে তরল পেট্রোলিয়ামের গ্যাস ব্যবহার বাড়ছে উল্লেখ করে দেশবাসীকে সুলভ মূল্যে জ্বালানি সরবরাহ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশে বিস্ময়কর জাগরণ ঘটেছে উল্লেখ করে এটি দেশের জন্য গৌরবজনক দিক বলে মন্তব্য ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর ই-বর্জ্য সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনার আওতায় আনার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ নেশন :** দেশের নদ-নদীগুলো দখল ও দূষণের কবল হতে সুরক্ষায় কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করার ফলে বিশ্বের সব মাতৃভাষার প্রতি সম্মান দেখানো আমাদের দায়িত্ব হয়ে পড়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'গ্রাম ও শহরের ব্যবধান ঘোচাতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, গ্রামকে শহরে পরিণত করতে হলে গ্রামীণ অর্থনীতিকে পরিকল্পনার মাধ্যমে এমন একটি পর্যায়ে নিয়ে যেতে হবে যাতে এর মাধ্যমে দারিদ্র্য বিমোচন সম্ভব হয়।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা